(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রজেক্ট প্ল্যানিং, ডিজা্ইন ও নেটওয়র্কিং উপশাখা
প্রধান কার্যালয়ঃ চাঁপাপুর, কুমিল্লা
www.bgdcl.gov.bd

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.৪২৩.৩১.০০১.২০.১১ | তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭
৩০ জুলাই ২০২০

বিষয়: **ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স সুজলা এন্টারপ্রাইজ (তালিকাভুক্তি সনদ নং-৪৩৬) কে কালো তালিকাভূক্ত করন প্রসংগে।**

ফেনী জেলার বাঁশপাড়া এলাকায় অবৈধ গ্যাস সংযোগ প্রদান করে সরকারি অর্থ আত্নসাৎ এর বিষয়ে অভিযোগ তদন্ত করার জন্য বিজিডিসিএল কর্তৃপক্ষ ০২ (দুই) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করে। গঠিত কমিটির তদন্তে ফেনী জেলার বাঁশ পাড়া এলাকার জনাব হরিপদ সাহা, পিতা-হরেন্দ্র কুমার সাহা, ঠিকানা- ২৩৮/এ বাঁশপাড়া কোয়ার্টার, ফেনীতে অবস্থিত নতুন নির্মিত বহুতল ভবনের প্রধান ফটকে অবৈধভাবে রাইজার উত্তোলন করে গ্যাস সংযোগ প্রদান করার বিষয়ে আপনি ও আপনার প্রতিষ্ঠানের জড়িত থাকার বিষয়টি প্রমাণিত ও প্রতিষ্ঠিত হয়।

আপনার এহেন কার্যকলাপ কোম্পানীর স্বার্থ, সুনাম, মর্যাদা ও ভাবমূর্তি ক্ষুন্ন করেছে- যা আপনার সাথে কোম্পানীর সম্পাদিত তালিকাভূক্তি চুক্তির তফসিলের ১৫.২, ১৫.৫ ও ১৫.৭ ধারা মোতাবেক কালো তালিকাভুক্ত করার অপরাধের সামিল। তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী আপনার বিরুদ্ধে সরাসরি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহনের পরিবর্তে আত্মপক্ষ সমর্থনের লক্ষ্যে আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। উক্ত নোটিশের প্রেক্ষিতে গত ০১/১২/২০১৯ ইং তারিখে প্রেরিত আপনার লিখিত জবাব বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয়। ফেনী জেলার বাঁশ পাড়া এলাকার জনাব হরিপদ সাহা, পিতা-হরেন্দ্র কুমার সাহা, ঠিকানা- ২৩৮/এ বাঁশপাড়া কোয়ার্টার, ফেনীতে অবস্থিত নতুন নির্মিত বহুতল ভবনের প্রধান ফটকে অবৈধভাবে রাইজার উত্তোলন করে গ্যাস সংযোগ প্রদান করার বিষয়ে গঠিত তদন্ত কমিটির সুপারিশ পরীক্ষা-নিরীক্ষা, যাচাই বাছাই ও বিচার বিশ্লেষণে ঘটনার সত্যতা প্রমাণিত হলেও আপনি আপনার লিখিত জবাবে তা অস্বীকার করে এ অবৈধ কার্যকলাপের দায় এড়ানোর চেষ্টা করেছেন- যা কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি।

এমতাবস্থায় বিজিডিসিএল এর সাথে আপনার সম্পাদিত তালিকাভূক্তি চুক্তির তফসিলের ১৫.২, ১৫.৫ ও ১৫.৭ ধারা অনুযায়ী ও কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে আগামী ০১ বৎসর অর্থাৎ ২০২০-২১ অর্থ বছর এর জন্য বিজিডিসিএল এ তালিকাভুক্ত আপনার মালিকানাধীন ১.১ শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান "মেসার্স সুজলা এন্টারপ্রাইজ (তালিকাভুক্তি সনদ নং-৪৩৬)" কে কালো তালিকাভূক্ত করা হলো।

A. Razzak
৫-৮-২০২০
প্রকৌশলী মোঃ আব্দুর রাজ্জাক
উপ-মহাব্যবস্থাপক

জনাব জনার্ধন বৈদ্য (বাবু), স্বত্বাধিকারী, সাং-৫নং রোকেয়া
শপিং সেন্টার (৫ম তলা), ট্রাঙ্ক রোড, ফেনী

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.৪২৩.৩১.০০১.২০.১১/১(২৮) তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭
৩০ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
২) মহাব্যবস্থাপক, অর্থ ও হিসাব ডিভিশন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৩) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), প্রশাসন ডিভিশন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৪) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৫) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), ইঞ্জিনিয়ারিং সার্ভিস ডিভিশন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৬) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), বিপণন ডিভিশন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৭) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), অপারেশন এন্ড মেইন্টেন্যান্স ডিভিশন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৮) উপ-মহাব্যবস্থাপক , ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৯) উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), বিক্রয় ডিপার্টমেন্ট ,কুমিল্লা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১০) উপ-মহাব্যবস্থাপক, বিক্রয় ডিপার্টমেন্ট, নোয়াখালী, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১১) উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), সঞ্চালন ডিপার্টমেন্ট, কুমিল্লা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১২) উপ-মহাব্যবস্থাপক, বিক্রয় ডিপার্টমেন্ট ,ব্রাহ্মণবাড়িয়া, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৩) উপ-মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং সার্ভিস ডিপার্টমেন্ট, কুমিল্লা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৪) উপ-মহাব্যবস্থাপক, টেস্টিং এন্ড কোয়ালিটি কন্ট্রোল ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৫) উপ-মহাব্যবস্থাপক, পিএলসিসি ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৬) উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), আইটি ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৭) উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), মেইন্টেন্যান্স ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৮) উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), সঞ্চালন ডিপার্টমেন্ট ,আশুগঞ্জ, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৯) উপ-মহাব্যবস্থাপক, কমন সার্ভিস এন্ড প্রটোকল ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
২০) উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), ভান্ডার ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
২১) ব্যবস্থাপক , বিক্রয় শাখা (উপজেলা ২, গৌরিপুর), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
২২) ব্যবস্থাপক , বিক্রয় শাখা (উপজেলা ১,কুমিল্লা), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
২৩) ব্যবস্থাপক , বিক্রয় শাখা (কেন্দ্রিয়), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
২৪) ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), বিক্রয় শাখা (ফেনী), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

২৫) ব্যবস্থাপক, বিক্রয়শাখা (লক্ষ্মীপুর), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

২৬) উপ-ব্যবস্থাপক, বিক্রয়শাখা (চাঁদপুর), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

২৭) উপ-ব্যবস্থাপক, বিক্রয় শাখা (ফেনী), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

২৮) সহকারী ব্যবস্থাপক (কারিগরী), উপশাখা (দেবিদ্বার), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

A. Razzak

৫-৮-২০২০

প্রকৌশলী মোঃ আব্দুর রাজ্জাক

উপ-মহাব্যবস্থাপক